

www.gov.bd
DSR-1/2
AEE
AEE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জরুরী


www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮ ০০২.১৮.৯ (১৯)

তারিখ: ০৬/০৬/২০১৮

বিষয়: বাংলাদেশ যুব গেমস ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

- আগামী ১০ মার্চ ২০১৮ খ্রি., শনিবার সন্ধ্যা ৬টা ৪৫মিনিটে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা-য় বাংলাদেশ যুব গেমস ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-প্রধানমন্ত্রীর কার্যালয়/যুগ্ম প্রকৌশলী ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন পরীক্ষা করে নেবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
 - ৪। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবর্তী ও আযান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এক্ষেত্রে ৮১৯ কিলোহার্জ ট্রান্সমিটার প্রয়োজনে এফ.এম ৯৭.৬ মেগাহার্জ ট্রান্সমিটারকে অনুসরণ করবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান প্রচারকালীন মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ৯৭.৬ মেগাহার্জে যথাক্রমে ঢাকা-খ ও ঢাকা কেন্দ্রের বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
 - ৬। উক্ত অনুষ্ঠানটি সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় বিরত যাবে।
 - ৭। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৮। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠানটি সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকা পরিচালনা নিরাপত্তা পাশ সংগ্রহসহ অনুষ্ঠানটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় সমন্বয় করবেন।
 - ৯। অনুষ্ঠানে ফিলার প্রচারের অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ১০। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১১। অনুষ্ঠানটির ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১২। অনুষ্ঠান শুরুর ২ ঘণ্টা পূর্বে বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
 - ১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



(সাইদ হোসেন আলী)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ৯২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আঞ্চলিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিয়ন্ত্রণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।